১০ অক্টোবর, ২০২৫

# শহিদুল আলম ইসরায়েল থেকে মুক্তি পেয়ে তুরস্কের পথে



সংগৃহীত ছবি

বাংলাদেশি আলোকচিত্রী ও মানবাধিকারকর্মী শহিদুল আলম ইসরায়েল থেকে মুক্ত হয়ে তুরস্কের উদ্দেশ্যে রওনা হয়েছেন। স্থানীয় সময় শুক্রবার (১০ অক্টোবর) দুপুর ২টা ৩০ মিনিটে ফ্লাইট TK 6921 ইস্তানবুলে অবতরণ করবে।

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস শহিদুল আলমের নিরাপদ প্রত্যাবর্তনের জন্য তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানকে ধন্যবাদ জানিয়েছেন। প্রধান উপদেষ্টার প্রেস উইংয়ের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ইসরায়েলি কর্তৃপক্ষ শহিদুল আলমকে অবৈধভাবে আটক করার পর বাংলাদেশের জর্ডান, মিশর ও তুরস্কে থাকা দূতাবাসগুলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেওয়া হয়। এরপর থেকে দূতাবাসগুলো সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে।

এর আগে আন্তর্জাতিক ত্রাণবাহী নৌবহর 'গ্লোবাল সুমুদ ফ্লোটিলা' গাজা অভিমুখে যাত্রা করেছিল। প্রায় ৪০টি জাহাজ ইসরায়েলি অবরোধ অমান্য করে গাজায় প্রবেশের চেষ্টা করলে ইসরায়েলি সেনারা সেগুলো দখল করে এবং জাহাজে থাকা মানবাধিকারকর্মীদের আটক করে। পরে ১ অক্টোবর আরও ১১টি জাহাজ নিয়ে আরেকটি বহর গাজার উদ্দেশ্যে রওনা দেয়। এই অভিযান পরিচালনা করেছিল আন্তর্জাতিক সংস্থা ফ্রিডম ফ্লোটিলা কোয়ালিশন (এফএফসি) এবং থাউজেন্ড ম্যাডলিনস টু গাজা (টিএমটিজি)। 'কনশানস' নামের জাহাজে ছিলেন বাংলাদেশের দৃক গ্যালারির ব্যবস্থাপনা পরিচালক ও আলোকচিত্রী শহিদুল আলম, সঙ্গে ছিলেন বিভিন্ন দেশের সাংবাদিক, চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী।